भारतीय गैर न्यायिक

10000 रु. Rs.10000

10000 रु. Rs.10000

10000 रु. Rs.10000 दस हज़ार रुपये

10000 रु. Rs.10000 RUPEES TEN THOUSAND

10000 रु. Rs.10000

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

06AA 200092

Certified that the document is admitted to registration under the Indian Stamp Act 1899 and also as amended by W. Bengal Stamp Amendment Act 1990. Schedule I A No. 23 e 5(d) ... Paid as under b



ADDITIONAL REGISTRAR OF ASSURANCES-I, KOLKATA

23.12.06

Deficit 'A' Fees of Rs. 2000/-

... wally realised by

মবলগে ৬০,০০০ ষাট হাজার টাকা পণ মূল্যের
নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল।

*****************************

কোবালা গ্রহিত্রী :

শ্রীমতী অম্বিকা দেবী ঝা,
স্বামী মৃত বি.এন.ঝা,
জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালি,
সাকিন - ১।৬৯এ, শ্রীকলোনী,
থানা - যাদবপুর, পোষ্ট অফিস -
রিজেন্ট স্ট্রীট, কলকাতা - ৭০০ ০৯২,
জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

---

Cheque ... 282818 ... 21.12.06 ... 15,780 ... Stamp Duty

SL. No. 10415

Sold to AMBIKA DEVI JHA

of 1169 A Srce Colony

C01-92

Kolkata Collectorate,
Treasury

Treasury

Dated 19.7.2005

C 100001
C 201
100201

Presented for registration
9.10 P.M. on the 19th
day of Aug year 2005
his/her residence
by Shankar Kumar Bose
[illegible]

ADDITIONAL REGISTRAR OF ASSURANCES-I, KOLKATA 19.8.05

Shankar Kumar Bose
S/o Lt Bhupendra Bose
Salone Bose S/o Shankar Bose [illegible] of 114 D/1A
Selimpur Rd. Kol. 31
24 PGS(S)

2734

2735

Santanu Bhattacherjee
Advocate
High court Cal.

Identified by me
Santanu Bhattacherjee
Advocate
High Court, Cal.

ADDITIONAL REGISTRAR OF ASSURANCES-I, KOLKATA
19.8.05

20 Rs.

बीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

२०रु. TWENTY RUPEES 20RS

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 00AA 319046





।। ২ ।।

কোবালা দাতা ও দাত্রী :
---------------------

১) শ্রীমতী সাহানা বসু
পিতা- শ্রী শংকর বসু
২) শ্রী শংকর বসু,
পিতা- উপেন্দ্র বসু,
উভয়ের জাতি হিন্দু, পেশা-
১ নং ব্যবসা, ২ নং ব্যবসা,
উভয়ের সাং - ১১৪ ডি/১এ, মোমিনপুর,
মোমিনপুর রোড, কলকাতা- ৭০০ ০৩১,
জেলা দক্ষিণ ২৪ পরগণা।

-----------------------------------

পৃ ... ৩

কস্য হাল সেটেলমেন্ট জরিপে ৪ নং বিধিমত রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের শালি জমি তৎসহ সর্বপ্রকার সাজপাট আকর আওলাতাদি যায় সর্বপ্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্ব চলাচলের স্বত্ব দরবস্তু হক হকুক নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্যাঞ্চাগে :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ তৎপর কসবা, হাল পূর্ব যাদবপুর, সাবরেজিস্ট্রি অফিস আলিপুর অধুনা শিবাদহ। পরগণা খাসপুর, অত্র জেলা কালেকটারীর ৫৬ নং তৌজি ভুক্ত, রে:সা: নম্বর - ৩, জে: এল: নং ২৫, মৌজা নয়াবাদ গ্রামে, হাল দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০১ নং ওয়ার্ডের অন্তর্গত, সাবেক ৫ ও ৬ নং খতিয়ান ভুক্ত, রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট জমি জমা বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে দক্ষিণ ২৪ পরগণা কালেকটার বাহাদুরের অধীন, হাল ১২৯ ও ১৩০ নং খতিয়ান ভুক্ত, সাবেক ১০২ একশত দুই, হাল ১৯৮ একশত আটানব্বই নম্বর দাগভুক্ত ২ দুই কাঠা ৬ ছয় ছটাক ২৯ উনত্রিশ বর্গফুট শালি জমি জমা যায় উক্ত জমিতে যাতায়াতের জন্য উক্ত জমির

পৃ ... ৪

এক্ষণে আরও প্রকাশ থাকে যে, জনৈক অশোক মন্ডলের পিতা - মনীন্দ্র নাথ মন্ডল, দি সুন্দরবন এগ্রিকালচারাল ডেয়ারী এ্যান্ড ফিসারী কোম্পানীর একজন অংশীদার ছিলেন এবং কমবেশি ২১ বিঘা সম্পত্তি তিনি ১৯৪১ সালে আলিপুর তৃতীয় সাবজজ আদালতে ১৬ নং দেওয়ানী পার্টিশান দলিল মূলে প্রাপ্ত হয়েন।

এক্ষণে আরো প্রকাশ থাকে যে, উক্ত সম্পত্তি আমাদের অর্থাৎ অত্র কোবালা দাতা ও দাত্রীর খরিদা সম্পত্তি হইতেছে এবং জমিতে আমাদের খাস দখল আছে এবং উক্ত সম্পত্তি বিক্রয় করিবার আমাদের উত্তম স্বত্ব বিদ্যমান আছে।

এক্ষণে আমাদের নানাবিধ কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীলে বিশেষভাবে বর্নিত হাল ১২১ ও ১৩০ নং খতিয়ান ভুক্ত হাল ১১৮ নং দাগের রাস্তার জমি বাদে মোট ২ দুই কাঠা ৬ ছয় ছটাক, ২৯ ঊনত্রিশ বর্গফুট শালি জমি জমা যায় যাবতীয় ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সহ সম্পত্তি মবলগে ৬০,০০০ ষাট হাজার টাকা পণ মূল্যে বিক্রয়ের ঘোষনা করিলে আপনি অত্র কোবালা গ্রহিত্রী তাহা অবগত হইয়া উক্ত পণ মূল্যে উক্ত সম্পত্তি

পৃ ... ৬

খরিদ করিতে সম্মত হইয়া আমাদের নিকট প্রস্তাব করিলে আমরা অদ্যরোজ স্বয়ং রেজিস্ট্রি অফিসে উপস্থিত হইয়া পণ মূল্যের সমুদয় টাকা নিম্ন টাকার তায়দাত নগদ এককালিন বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে এই কোবালা দলিল আপনার অনুকূলে সহি সম্পাদন সহ রেজিস্ট্রি করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত জমি জমাতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল দখল, অধিকার দাবী দাওয়া হক হকুক ইত্যাদি যাহা কিছু বিদ্যমান ছিল বা আছে তৎসমুদয় আমাদিগ হইতে চিরতরে লোপ, ও রহিত হইয়া আপনার খরিদা স্বত্বে বর্তিল ও অর্পিল। আপনি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্ব স্বত্ববতী ও দখলে দখলিকারিনী নিযুক্ত থাকিয়া দান, বিক্রয়, বন্ধকাদি যায় সর্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করনের অবাধ ক্ষমতা যুক্তে, পুত্র পৌত্রাদি যায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে যদৃচ্ছা মতে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমরা যায় আমাদের অপর কোন ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কস্মিন কালে কোনপ্রকার ওজর আপত্তি, দাবী দাওয়া করিতে

পারিব না বা পারিবেক না। করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে ।

অত্র বিক্রিত জমি জমা বা তাহার কোন অংশ আমরা ইতিপূর্বে অপর কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধক, বায়না, প্রজাবিলি, চার্জ সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোনপ্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই, বা উহা বিক্রয়ের নিমিত্ত অপর কাহারও সহিত লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ হইয়া কাহারও নিকট হইতে কোন প্রকার অর্থ গ্রহন করি নাই , বা উহাতে কোনপ্রকার মামলা মোকদ্দমা চলিত বা পেন্ডিং নাই বা উহা কাহারও খোর পোষের দায়ে আটক বা আবদ্ধ নহে, উহা কোন দেবোত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে, উহা কলকাতা ল্যান্ড এ্যাকুইজিশান বা কোন পাবলিক বডি কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান নহে, উহা পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কর্তৃক ভেষ্ট নহে, উহাতে কোন ভাগচাষী বা বর্গাদার নাই। উহা সম্পূর্ণ নির্দায় নির্দোষ ও মুক্তাবস্থায় আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রিত সম্পত্তি আপনার অনুকূলে খোলসা খাস দখল পরিত্যাগ করিলাম।

যদি ভবিষ্যতে এই দলিলে লিখিত লেখকের লেখায় বা টাইপ কারকের টাইপে বা প্যান মেকারের প্যান অসতর্কতার জন্য কোন ভুলভ্রান্তি থাকা প্রকাশ পায় সেক্ষেত্রে উহা সংশোধনার্থে কোন সংশোধন পত্র বা ঘোষনা পত্র বা পরিপূরক দলিল করার আবশ্যক হইলে আমাদিগকে অবগত করাইয়া অনুরোধ করিলে আমরা পুনরায় কোন পণ বা পারিশ্রমিক না লইয়া রেজিষ্ট্রি অফিসে উপস্থিত হইয়া প্রয়োজনীয় সংশোধন বা ঘোষনা পত্র দলিল রেজিষ্ট্রি করিয়া দিব ।

যদি ভবিষ্যতে এই দলিল উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকী থাকা প্রকাশ পাইলে মাফিক আইন আমলে আসিব, অধিকন্তু আমাদের প্রকাশিত হীনতা বা ন্যূনতা প্রযুক্ত আপনার খরিদা স্বত্ত্বের বা স্বার্থের কোনপ্রকার হানি বা বিঘ্ন ঘটিলে পণের সমুদয় টাকা যায় যাবতীয় খরচ ও ক্ষতিপূরণ সহ আপনাকে এককালিন ফেরত দিতে আমরা যায় আমাদের ওয়ারিশন গণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে, স্বেচ্ছায় স্বজ্ঞানে হাজিরে উপস্থিত হইয়া এই কোবালা দলিলের লিখিত মূল্য মানের সমুদয় টাকা বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে এই



CamScanner

কোবালা দলিল আপনার অনুকূলে সহি সম্পাদন সহ রেজিষ্ট্রি করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী সন ২০০৫ সালের - ১৯ শে আগষ্ট - মোতাবেক বাংলা ১৪১২ সনের - ২রা ভাদ্র।

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ও তাহার চৌহদ্দি
**********************************************

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, তৎপর কসবা হাল পূর্ব যাদবপুর, সাব রেজিষ্ট্রি অফিস শিয়ালদহ, হাল দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৯ নং ওয়ার্ডের অন্তর্গত, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুরের নিকট বার্ষিক খাজনা ধার্য্যতায়, পরগণা খাসপুর, অত্র জেলা কালেকটারীর ৫৬ নং তৌজি ভুক্ত রে:সা: নং - ৩ জে: এল: নং - ২৫ মৌজা নয়াবাদ গ্রামে, সাবেক ৫ ও ৬ নং হাল ১২৯ ও ১৩০ নং খতিয়ান ভুক্ত, সাবেক ১০২, হাল ১৯৮ একশত আটানব্বই নম্বর দাগে রাস্তার জমি বাদে কমবেশি ২ দুই কাঠা ৬ ছয় ছটাক ২৯ উনত্রিশ বর্গফুট শালি জমি যায় তৎসহ উক্ত জমিতে যাতায়াতের জন্য জমির দক্ষিণ পূর্ব দিকে ২০ ফুট প্রশস্ত রাস্তার যাবতীয় ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সহ সম্পত্তি যাহা অত্র সাথ দাখিলী নকসায় লাল রংয়ের রেখা দ্বারা সীমা চিহ্নিত ও ২৭ নং প্লট রূপে প্রদর্শিত হইল। তাহাই অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। উক্ত জমিতে বর্তমানে চাষাবাদ হইতেছে। এবং জমির বার্ষিক হারাহারি খাজনা .৪৮ টাকা মাত্র।

পৃ ... ১০

।। ১০ ।।

## ।। তপশীল সম্পত্তির চৌহদ্দি ।।

| | | |
|---|---|---|
| উত্তরে | : | প্লট নম্বর ২৬ |
| দক্ষিণে | : | ২০' - ০'' ফুট চওড়া রাস্তা |
| পূর্বে | : | ২০' - ০'' ফুট চওড়া রাস্তা |
| পশ্চিমে | : | শ্রীমতী দীপিকা রানী সাহার জমি । |

## ।। তপশীল টাকার জমা ।।

অদ্য রোজ নোটে ও নগদে প্রাপ্ত ৬০,০০০ টাকা

সর্বলগে ষাট হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম ।

মুসাবিদাকারক :-

Santanu Bhattacharji

এ্যাডভোকেট

F 1911649-93.

হাইকোর্ট, কলকাতা ।

স্বাক্ষী :

1) Santanu Bhattacharji
Advocate
High Court, Calcutta.

2). Sital Halder.
Alipur. Kol-27.

টাইপ কারক :

রীনা দাস

আলিপুর পুলিশ কোর্ট

কলকাতা - ৭০০ ০২৭ ।

REGD IN
BOOK NO. I
VOLUME NO. GH
PAGE NO. 1 to 15
BEING NO. 18089
YEAR 2006

SEAL OF THE REGISTRAR OF ASSURANCES I CALCUTTA

ADDITIONAL REGISTRAR OF
ASSURANCES-I, KOLKATA
5/1/07

SEAL OF THE REGISTRAR OF ASSURANCES I CALCUTTA

ADDITIONAL REGISTRAR OF
ASSURANCES-I, KOLKATA

5/1/07